গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.১৭০.১৯-৪৪৪ তারিখ: ২০জুন, ২০১৯ খ্রিঃ।

প্রেরকঃ উপপরিচালক (কাবিখা-২),
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

প্রাপকঃ ১। জেলাপ্রশাসক, চাঁদপুর/নরসিংদী/নেত্রকোনা।

২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।

**বিষয়:** **২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ অর্থ বরাদ্দ প্রদান।**

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২০/০৬/২০১৯ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৮(অংশ-২৫)-২৯৪ নং স্মারক।

সূত্রোল্লিখিত স্মারকের প্রেক্ষিতে ২০১৮-১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় উল্লেখিত জেলা ও উপজেলার ০৪ টি প্রকল্প বাস্তবায়নের জন্য সর্বমোট ৪,৭৬,৭৩৩.১৮ **(চার লক্ষ ছিয়াত্তর হাজার সাতশত তেত্রিশ দশমিক আঠার )** টাকা নিম্নবর্ণিত শর্তে বরাদ্দ প্রদানের নিমিত্ত বরাদ্দ প্রদান করছি। এই ব্যয় বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ হতে নির্বাহ করা হবে।

২। বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র দ্রুত সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে প্রদানের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলোঃ

| ক্রমিক | জেলা ও উপজেলা | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১। | চাঁদপুর কচুয়া | ১। পালগিরি, বুরগী পাকা রাস্তার বুরগী হাজী মসজিদ সংলগ্ন পূর্ব পাড়ে ১৩২ ফিট রিটেশন গাইড ওয়াল ও বালু ভরাট করে রাস্তা মেরামত। | ১,৩০,০১৮.১৪ টাকা |
| ২। | নরসিংদী বেলাবো | ১। লাখপুর মধ্যপাড়া জামে মসজিদ মেরামত। | ৮৬,৬৭৮.৭৬ টাকা |
| ৩। | নেত্রকোণা কেন্দুয়া | ১। রোয়াইলবাড়ি দুর্গের দক্ষিণ এবং পূর্ব পার্শ্বের সীমানা দেয়াল নির্মাণ। | ১,৩০,০১৮.১৪ টাকা |
| | | ২। রোয়াইলবাড়ি দুর্গ সংলগ্ন খাস পুকুরের মাঝে পর্যটক ছাউনি ও সংযোগ রাস্তা নির্মাণ। | ১,৩০,০১৮.১৪ টাকা |
| | | | মোট= ২,৬০,০৩৬.২৮ টাকা |
| | | **সর্বমোট (১+২+৩)=** | **৪,৭৬,৭৩৩.১৮ (চার লক্ষ ছিয়াত্তর হাজার সাতশত তেত্রিশ দশমিক আঠার) টাকা** |

**শর্তসমূহঃ**

(১) এই প্রকল্পের অর্থ উত্তোলন ও বাস্তবায়নের সময়সীমা ৩০/০৬/২০১৯ খ্রি.;
(২) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে;
(৩) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা" অনুসারে প্রাক্কলন প্রস্তুতসহ অন্যান্য অনুচ্ছেদ এবং সকল বিধি-বিধান/পদ্ধতি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে এবং মন্ত্রণালয় ও অধিদপ্তর বরাবরে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করতে হবে;
(৪) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও শর্ত ১ এ বর্ণিত নির্দেশিকা-এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
(৫) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/ পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে;
(৬) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে;
(৭) নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করা এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(৮) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত/ আইন বিধির আওতায় আনতে হবে।
(৯) কোন প্রকল্প ডুপ্লিকেশন হলে ঐ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ সরকারী কোষাগারে ফেরৎ প্রদান করতে হবে;
(১০) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
(১১) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

(মো. মনিরুজ্জামান)
(উপসচিব)
উপ পরিচালক (কাবিখা-২)
ফোন: ৫৮৮১৫৫৬০
Email: ddmreport@gmail.com

স্মারক নং-৫১.০১.০০০০.০১২.১৪.১৭০.১৯- ৪৪৪/১(১৪) তারিখ: ২০ জুন, ২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতি: সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫। পরিচালক (মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, চাঁদপুর/ বেলাবো,নরসিংদী/ কেন্দুয়া, নেত্রকোনা।
৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁদপুর/নরসিংদী/নেত্রকোনা।
৮। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [পত্রটি অত্র অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো]।
০৯। জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা, চাঁদপুর/নরসিংদী/নেত্রকোনা [উল্লেখিত অর্থ ibas++ এ ছাড় করণের জন্য উপ-বরাদ্দের কপি ddmreport@ gmail.com এ ই-মেইল প্রেরণের অনুরোধসহ]।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০/৬/১৯

(মো. মনিরুজ্জামান)
(উপসচিব)
উপপরিচালক (কাবিখা-২)

F:\MADHOBI\2018-19 Allocation Spe\Special Allocation (Letter) 012.14.138.18.docx